

মস্পাদক্রীয়া:

সারাবিশ্বের মত আমাদের প্রিয় মাতৃভূমিতেও করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ যেমন বাড়ছে, এর বিরুদ্ধে জয়ী হওয়ার লড়াইও তেমনি জোরদার হচ্ছে। করোনাভাইরাসের বিরুদ্ধে যুদ্ধরত সৈনিকদের তালিকায় সারাদেশের সুজন-এর অনেক নেতা-কর্মীও রয়েছেন। তাঁদের যুদ্ধগাঁথার ক্ষুদ্র ক্ষুদ্র চিত্র তুলে ধরার জন্যই প্রকাশিত হলো আমাদের এই নিউজ লেটার।

গেভারিয়া থানা কমিটির উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ:



গত ৩০ মার্চ ২০২০, সুজন-ঢাকা মহানগরীর আওতাভুক্ত গেভারিয়া থানা কমিটির উদ্যোগে ৫০টি দরিদ্র পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি মুসুর ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন ও আধা লিটার সয়াবিন তেল। এ ছাড়াও উক্ত প্যাকেজের সাথে ছিল একটি লাইফবয় সাবান।

সুজন-ঢাকা মহানগর কমিটির সাংগঠনিক সম্পাদক, গেভারিয়া থানা কমিটির সাধারণ সম্পাদক ও

আজীবন সদস্য মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সহায়ক সামগ্রী বিতরণের এই কার্যক্রম পরিচালিত হয়।

সুজন-উলিপুর উপজেলা কমিটির উদ্যোগে করোনা প্রতিরোধে মাইকিং:



করোনাভাইরাস মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কুড়িগ্রাম জেলার আওতাভুক্ত সুজন-উলিপুর উপজেলা কমিটির উদ্যোগে গত ৩০ মার্চ - ২ এপ্রিল ২০২০, চারদিনব্যাপী উপজেলার আওতাভুক্ত ১১টি ইউনিয়ন ও উলিপুর পৌরসভায় ব্যাপকভাবে মাইকিং করা হয়। এছাড়াও স্থানীয় প্রশাসনের সাথে একাত্ম হয়ে ত্রাণ বিতরণসহ বিভিন্ন কর্মকাণ্ডে সম্পৃক্ত রয়েছে সুজন।

সুজন-উলিপুর উপজেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম মোস্তফা জানান, এই দুর্য়োগের সময় সুজন সার্বক্ষণিকভাবে মানুষের পাশে থাকার চেষ্টা করবে।

করোনাভাইরাস মোকাবেলায় গাজীপুরে বিভিন্নমুখী কার্যক্রম:



করোনাভাইরাস মোকাবেলায় মার্চের শেষ ও এপ্রিলের প্রথম সপ্তাহে সুজন-গাজীপুর মহানগর কমিটির উদ্যোগে বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করা হয়। গাজীপুর মহানগর কমিটির সভাপতি জনাব মনিরুল ইসলাম রাজীবের নেতৃত্বে পরিচালিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের মধ্যে ছিল ৪০টি দরিদ্র ও ১০টি মধ্যবিত্ত পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী ও অর্থ বিতরণ; জনসচেতনতামূলক লিফলেট বিতরণ; রাস্তাঘাট ও পাড়া মহল্লায় জীবাণুনশক স্প্রে করা; এলাকাবাসী ঘোষিত লকডাউন কার্যকরে রাস্তা বন্ধ রাখা ইত্যাদি। বিতরণকৃত সহায়ক সামগ্রীর মধ্যে ছিল ৬ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি মুসুর ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ লিটার সয়াবিন তেল ও ২টি সাবান। উল্লেখ্য, গাজীপুর মহানগরের টঙ্গী, গাজীপুরা, আউচপাড়া ইত্যাদি এলাকায় কার্যক্রমসমূহ পরিচালিত হয়।

বগুড়ায় করোনাভাইরাস মোকাবেলায় লিফলেট ও মাস্ক বিতরণ:



করোনাভাইরাস মোকাবেলায় বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন কাগইল ইউনিয়ন কমিটির উদ্যোগে গত ২৮ মার্চ ২০২০ তারিখে স্থানীয় বাজারে জনসচেতনতামূলক লিফলেট এবং শ্রমিকদের মধ্যে মাস্ক বিতরণ করা হয়। এ সময় সুজন-গাবতলী উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক জনাব আল আমিন মন্ডল, সদস্য জনাব আতাউর রহমান, কাগইল ইউনিয়ন কমিটির সহ-সভাপতি জনাব আব্দুল লতিফ, সাংগঠনিক সম্পাদক জনাব রাখিবুল হাসান, সহ-সাংগঠনিক সম্পাদক জনাব রাসেল আহম্মেদ, নির্বাহী সদস্য জনাব শফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।